গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং - ৭০২ তারিখ- ০২/১০/২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়- লাকসাম উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ১০.১০.২০২২ খ্রিঃ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা এর সভাপতিত্বে উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়ে উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানীত সকল সদস্যগণকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

০২/১০/২২
(সৈয়দ শাহিনুর ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
লাকসাম, কুমিল্লা।

জনাব ..............................................
..............................................
লাকসাম, কুমিল্লা।

## উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরনী ঃ-

**স্থান ঃ-** উপজেলা কৃষি অফিসার এর কার্যালয়, লাকসাম, কুমিল্লা।

**তারিখঃ-** ১০/১০/২০২২ খ্রিঃ সময়ঃ- সকাল ১১.০০ ঘটিকা।

সভাপতিঃ- জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম ,কুমিল্লা।

**আলোচ্যসূচী ঃ-**

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। মাঠে চলমান কর্যক্রমের বর্তমান পরিস্থিতি।

৩। রবি উফশী ও হাইব্রিড প্রণোদনা প্রসঙ্গে।

৪। ইট ভাটায় কৃষি জমির উপরি স্তরের মাটি ব্যবহারের ফলে মাটির উর্বরতা হ্রাস।

৫। ইঁদুরের আক্রমন থেকে রক্ষার জন্য ইঁদুর মারার কল সরবরাহ প্রসঙ্গে।

৬। বিবিধ।

**উপস্থিত সদস্যগনের নাম, পদবী ও স্বাক্ষর ( স্বাক্ষরের ক্রমানুসারে)**

| | উপস্থিত সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব সৈয়দ শাহিনুর ইসলাম | উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা | স্বাক্ষরীত |
| ২ | জনাব নিজাম উদ্দীন শামীম | চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | ঐ |
| ৩ | জনাব আবদুর রশিদ সওদাগর | চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দঃ ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | ঐ |
| ৪ | জনাব মোঃ নজরুল ইসলাম | চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | ঐ |

জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ কমিটি এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লাকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

**আলোচ্যসূচীঃ-০১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদনঃ-** সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন রুপ সংশোধন ছাড়াই বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

**আলোচ্যসূচীঃ-০২। মাঠের বর্তমান পরিস্থিতিঃ-** সদস্য সচিব সভায় জানান, মাঠে বর্তমানে বোরো ধানের বীজতলা, বোরা ধান আবাদ, শীতকালীন শাক-সবজি ও রবি ফসল রয়েছে। মাঠের বর্তমান পরিস্থিতি ভাল রোগ বালাই ও পোকামাকড় এর তেমন কোন আক্রমন নাই। উপসহকারী কৃষি অফিসারগণ যথারীতি মাঠে কৃষকদের প্রযুক্তি সহায়তা দিচ্ছেন।

**সিদ্ধান্তঃ-** মাঠের বর্তমান অবস্থা ভাল থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

**আলোচ্যসূচীঃ- ৩। রবি উফশী ও হাইব্রিড প্রণোদনা প্রসঙ্গে ঃ-** সদস্য সচিব সভায় জানান যে, মাঠে বর্তমানে বোরো বীজতলা তৈরী শুরু হওয়ায় প্রণোদনার আওতায় উফশী ও হাইব্রিড বীজ এবং রাসায়নিক সার বিতরণ জরুরী হয়ে পড়েছে।

**সিদ্ধান্তঃ-** ৩৯৪০ জন ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের মাঝে প্রণোদনার আওতায় বোরো উফশী বীজ, রাসায়নিক সার এবং বোরো হাইব্রিড বীজ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচীঃ- ৪। ইট ভাটায় কৃষি জমির উপরি স্তরের মাটি কেটে নেওয়ার ফলে জমির উর্বরতা হ্রাস পাচ্ছে ঃ-** সদস্য সচিব সভায় জানান, লাকসাম উপজেলায় ইটভাটায় ব্যবহারের জন্য যত্রতত্রভাবে কৃষি জমির উপরি স্তরের মাটি কেটে নেওয়ার ফলে কর্তৃত জমির উর্বরতা হ্রাস পাচ্ছে। এ সব জমিতে পরবর্তী ৩-৪ বছর তেমন ফলন পাওয়া যায় না। কারন জমির লাঙ্গল স্তরে (৬" গভীর) গাছের অত্যাবশ্যকীয় উপাদানগুলি বিদ্যমান থাকে। এই স্তরের মাটি কেটে নেওয়ার ফলে পড়ে থাকা অনুর্বর মাটিতে ফসল ভাল হয় না। এতে কৃষকগন আর্থিভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। এ অবস্থা চলতে থাকলে সামগ্রীক ফলন বিপর্যয় দেখা দিতে পারে। তাই জরুরী প্রশাষনিক ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। কৃষি জমির উপরি স্তরের মাটি বিক্রি না করার জন্য কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষকদেরকে সচেতন করা হচ্ছে। কিন্তু কিছু কিছু কৃষক নগদ অর্থের আশায় জমির মাটি বিক্রি করছে। এ ব্যপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।

**সিদ্ধান্ত ঃ-** উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির সভায় বিষয়টি উত্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

**আলোচ্যসূচীঃ-৫। ইঁদুরের আক্রমন থেকে রক্ষার জন্য ইঁদুর মারার কল সরবরাহ ঃ-** সদস্য সচিব সভায় জানান, লাকসাম উপজেলায় আউশ, আমন ও বোরো ধান সহ বিভিন্ন শাক-সবজির আবাদ হয়ে থাকে। এসব ফসলে ইঁদুরের ব্যপক আক্রমন হয়ে থাকে। ইঁদুরের আক্রমনের ফলে ফসলের অনেক ক্ষতি হয়ে থাকে। কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষকদেরকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়। কিন্তু প্রয়োজনীয় সংখ্যক ইঁদুরের কল কৃষকের নিকট না থাকার কারনে ইঁদুর নিধনে সফলতা আসে না। এমতাবস্থায়, কৃষকদের চাহিদা অনুযায়ী প্রতি ইউনিয়ন/ পৌরসভায় কমপক্ষে ৫০টি ইঁদুর মারার কল সরবরাহ করা হলে এলাকার কৃষকদের বেশ উপকার হবে। তাই তিনি উপজেলা পরিষদের এডিবি তহবিলের কৃষি ও সেচ খাত থেকে অর্থ বরাদ্দের মাধ্যমে ইঁদুরের কল সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করেন।

**সিদ্ধান্ত ঃ-** উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সমন্বয় সভায় বিষয়টি উত্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেণ।

(মহব্বত আলী)
ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা
তারিখঃ-১০/১০/২০২২

স্মারক নং- ৭১৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৪। ---------------------------------- সদস্য (সকল), উপজেলা কৃষি ও সেচ কমিটি, লাকসাম, কুমিল্লা।
০৫। সংরক্ষণ নথি।

(সৈয়দ শাহিনুর ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা।

লাকসাম উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যগণের তালিকা

| ক্রঃনং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মহব্বত আলী<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,লাকসাম | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দ: ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব সৈয়দ শাহিনুর ইসলাম<br>উপজেলা কৃষি অফিসার<br>লাকসাম, কুমিল্লা। | সদস্য সচিব | স্বাক্ষরিত |